# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল

ISO 9001 : 2015 CERTIFIED

ফোনঃ ০২৯৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২৯৯৭৭৫৩৩১৫

ই-মেইলঃ tangail_pbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.tangail.gov.bd, ফেসবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০১.০০৮.২৫.৬২৯৫

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩২ বঃ / ২৪ জুন ২০২৫ খ্রিঃ

## ঃ পুনঃ নিলাম/পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির (১) ওএন্ডএম স্টোরে রক্ষিত কনডেম অনুমোদিত ব্যবহার অযোগ্য লোহা/ষ্টীল জাতীয় মালামাল, স্টীল পোল, আন্ডারগ্রাউন্ড পাওয়ার ক্যাবল, সুপার এনামেল কপার তার, এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস, "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয় এবং (২) OTM পদ্ধতিতে বিভিন্ন মডেলের টোনার ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে বিস্তারিত ঠিকানা সম্বলিত তথ্য ও স্বাক্ষর প্রদানপূর্বক সীলমোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

| নিলাম/দরপত্র প্যাকেজ/লট নং | নিলামে বিক্রয়/ক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান ও সময়সূচী | দরপত্র গ্রহণ, খোলার স্থান ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| পুনঃ নিলাম দরপত্র নং-০৫/২০২৪-২৫ | এ্যালুমিনিয়াম জাতীয় মালামাল | ১৯৪৩৫ কেজি | ৩,০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৫/০৬/২০২৫ খ্রিঃ হতে ০৭/০৭/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইল ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। | (১) দরপত্র গ্রহণ : ০৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা (BST) পর্যন্ত (২) দরপত্র খোলার তারিখ ও সময় : ০৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকায় (BST) (৩) দরপত্র গ্রহণ ও খোলার স্থান : (ক) টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইল ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর (প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচতলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| পুনঃ নিলাম দরপত্র নং-০৬/২০২৪-২৫ | লৌহ/ষ্টীল জাতীয় মালামাল | ৯৯৪৫ কেজি | ১০০০/- | | | |
| | স্টীল পোল | ৩১৩৭ কেজি | | | | |
| পুনঃ নিলাম দরপত্র নং-০৯/২০২৪-২৫ | সুপার এনামেল কপার তার | ৯৪৬৮ কেজি | ৩,০০০/- | | | |
| পুনঃ নিলাম দরপত্র নং-১০/২০২৪-২৫ | আন্ডার গ্রাউন্ড পাওয়ার ক্যাবল | ১১৫২.৮০ কেজি | ১,০০০/- | | | |
| G.R.24-25-02-52.001/Re-Tender | বিভিন্ন মডেলের টোনার | ১৮৫টি | ১,০০০/- | ২৩,০০০/- | | পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর (প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচতলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত,ঢাকা-১২২৯। |

**ক) কনডেম অনুমোদিত ব্যবহার অযোগ্য লোহা/ষ্টীল জাতীয় মালামাল,স্টীল পোল আন্ডারগ্রাউন্ড পাওয়ার ক্যাবল, সুপার এনামেল কপার তার, এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস, "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের শর্তাবলীঃ-**

০১॥ আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২॥ আগ্রহী দরদাতাগণ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ ০৪ নং কলামে উল্লিখিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ (ক) টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইল অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে ০৬ নং কলামে উল্লেখিত সময়ের মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩॥ নিলাম দরপত্রসমূহ আগামী ০৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ

(খ) টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইলে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ ০৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানসমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ০৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে উন্মুক্ত করা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪॥ নিলাম দরদাতা/দরদাতা প্রতিষ্ঠানকে মোট উদ্ধৃত মূল্যে ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে MICR যুক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০৫॥ **প্রতিটি প্যাকেজ এবং লটের আওতায় ১০০% (শতভাগ) আইটেমের দর উল্লেখ করতে হবে। অন্যথায় দাখিলকৃত দর গ্রহণ করা হবে না এবং মূল্যায়নে নন-রেসপনসিভ দরদাতা হিসেবে পরিগণিত হবে।** নিলাম দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মূল্য ও উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে দাখিলকৃত একক মূল্যের ভিত্তিতে মোট দর বিবেচনা করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীত দর হিসেবে বিবেচনা করা হবে। **নিলাম বিজ্ঞপ্তির ব্যবহার অযোগ্য কোন আইটেমের দাখিলকৃত মূল্য প্রাক্কলিত মূল্যের চেয়ে কম হলে নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।** সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে " টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির ওএন্ডএম স্টোরে ব্যবহার অযোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে) নিলামে ক্রয়ের দরপত্র" কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটা-ছেঁড়া/ঘষামাজা করা যাবে না।

০৬॥ টাঙ্গাইল পবিস কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত দরপত্র দলিলে দর দাখিল করতে হবে।

০৭॥ **কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে ওএন্ডএম স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।**

০৮॥ কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়করসহ সমুদয় অর্থ জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধযোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরৎ প্রদান করা হবে।

০৯॥ মালামালসমূহ ০৭/০৭/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক তা পরিদর্শণ করা যাবে।

১০॥ নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে। সেক্ষেত্রে দাখিলকৃত দর অনুযায়ী মূল্য সমন্বয় করা হবে।

১১॥ পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামালসমূহ অপসারণের সময় সমিতির স্থাপনা/সম্পত্তির কোন ক্ষয়-ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।

১২॥ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ প্রদর্শণ ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩॥ উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

খ) **"টোনার" ক্রয়ের শর্তাবলীঃ**

০১॥ আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২॥ আগ্রহী দরদাতাগণ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ ৪নং কলামে উল্লিখিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ (ক) **টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, আশেকপুর, টাঙ্গাইল ও** (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩॥ দরপত্র দলিল পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচতলা) , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ ৭নং কলামে বর্ণিত নির্ধারিত তারিখ ও সময়সীমার মধ্যে দরপত্র দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী উল্লিখিত স্থানসমূহে দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উন্মুক্ত করা হবে।

০৪॥ দরপত্রের সাথে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে বাংলাদেশী যে কোন তফসিলী ব্যাংক হতে ৫নং কলামে উল্লিখিত হারে MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। এছাড়াও দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদসহ দরপত্র দলিলে উল্লিখিত অন্যান্য দলিলাদি/ডকুমেন্টসসমূহ চাহিত মতে দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে (বিস্তারিত দরপত্র দলিলে রয়েছে)।

০৫॥ সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক নির্ধারিত কমিটি কর্তৃক Post Delivery Inspection সন্তোষজনক হলে সরবরাহকারীকে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরাসরি মালামালের মূল্য একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারীকে সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

০৬॥ **প্রতিটি প্যাকেজ এবং লটের আওতায় ১০০% (শতভাগ) আইটেমের দর উল্লেখ করতে হবে। অন্যথায় দাখিলকৃত দর গ্রহণ করা হবে না এবং মূল্যায়নে নন-রেসপনসিভ দরদাতা হিসেবে পরিগণিত হবে।** দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দরের একক দরের সাথে মোট দরের গাণিতিক ভুল পরিলক্ষিত হলে একক দর বিবেচনায় দরপত্র মূল্যায়ন করা হবে।

০৭॥ সফল দরদাতা প্রতিষ্ঠান চুক্তি সম্পাদনের পূর্বেই চুক্তি মূল্যের ১০% কার্য সম্পাদন জামানত টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে ; যা মালামালের গুনগত মান অক্ষুন্ন থাকা সাপেক্ষে ওয়ারেন্টিকালীন সময় উত্তীর্ণের পর ফেরত প্রদান করা হবে।

০৮॥ সরবরাহতব্য মালামাল সম্পূর্ণ নতুন এবং ত্রুটিমুক্ত হতে হবে। ওয়ারেন্টি পিরিয়ড চলাকালীন সময়ের মধ্যে মালামাল সরবরাহের কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বহির্ভূত মালামাল সরবরাহ করা হয়েছে বলে প্রমাণিত হলে সরবরাহকারীকে অনধিক ০৭ দিনের মধ্যে মালামাল ত্রুটিমুক্ত/প্রতিস্থাপন করতে হবে।

০৯॥ নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।

১০॥ দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাঙ্গাইল বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১॥ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যদিবসসমূহে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয়, তবে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে। বর্ণিত দরপত্র সংশ্লিষ্ট সমুদয় মালামাল/কাজ/সেবা চুক্তি সম্পাদনের তারিখ হতে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ/সম্পাদন/প্রদান করতে হবে। অত্র পবিস কর্তৃক কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে বর্ণিত মালামাল/কাজ/সেবা পরিমাণে কম/বেশী হতে পারে।

১২॥ টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩॥ দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নিস্পত্তির ক্ষেত্রে "টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি" কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

24.06.25

(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো ঢাকা-(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ এবং খোলার অনুরোধসহ)
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর), বাপবিবো, সাভার, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। [বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, টাঙ্গাইল।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................পবিস-১/২/৩/৪।
০৭। মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টাঙ্গাইল।
০৯। ডিজিএম-দেলদুয়ার/নাগরপুর/বাসাইল/কালিহাতী/গোড়াই/মির্জাপুর/এলেঙ্গা জোনাল অফিস, টাঙ্গাইল পবিস।
১০। এজিএম (সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব)/সহঃ প্রকৌশলী, টাঙ্গাইল পবিস।
১১। এজিএম (আইটি), টাঙ্গাইল পবিস [টাঙ্গাইল পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]।
১২। মেসার্স....................................................।
১৩। নোটিশ বোর্ড, টাঙ্গাইল পবিস।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।

24.06.25

(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার